

স্মৃতিভ্রংশে রোগ নির্ণয়ের পদক্ষেপগুলি

তথ্য এবং চিকিৎসায় প্রবেশাধিকার প্রদান তথা বাস্তব সহায়তার জন্য স্মৃতিভ্রংশের প্রাথমিক সনাক্তকরণ অপরিহার্য। এই সাহায্যটি স্মৃতিভ্রংশের রোগী এবং তাদের প্রতি যত্নশীলদের জীবনমান উন্নত করতে পারে। একটি দ্রুত এবং নির্ভরযোগ্য রোগ নির্ণয়ে আমাদেরকে খাপ খাওয়ানোর সাথে সামঞ্জস্য করার এবং ভবিষ্যতের যত্নের জন্য পরিকল্পনা করার সময় দেয়।

তবে রোগ নির্ণয়ে এবং সহায়তা করতে বাধা থাকতে পারে। মাঝে মাঝে আক্রান্ত ব্যক্তি সাহায্য নিতে অপরাগতা প্রকাশ করে থাকেন। স্মৃতিভ্রংশের সাথে সম্পর্কিত ভয় বা বদনামের কারণে এটি হতে পারে। কখনও কখনও সহায়তার অভাবের অর্থ হলো আক্রান্ত ব্যক্তি এবং তার তত্ত্বাবধায়ক সাহায্যের জন্য প্রবেশাধিকার পান না। এবং কখনো কখনো লক্ষণগুলি পেশাদারদের মাধ্যমেও স্বীকৃত হয় না, এমন কি যত্নশীল ব্যক্তি এবং স্মৃতিভ্রংশের রোগীও যখন জানেন কিছু একটা ভুল হচ্ছে।

ইংল্যান্ডে, বেশিরভাগ মানুষ স্মৃতি সংক্রান্ত সমস্যা নিয়ে জিপি-তে যান। মিনিমেটাল স্টেট পরীক্ষা (এমএমএসই) নামের স্বল্প মেয়াদী স্মৃতির পরীক্ষা সহ জিপি প্রাথমিক পরীক্ষা চালাতে পারে। স্মৃতিভ্রংশে সন্দেহযুক্ত লোকদেরকে পরে স্মৃতির ডাক্তার অথবা অনুরূপ বিশেষজ্ঞের কাছে পূর্ণাংগ মূল্যায়নের জন্য পাঠানো হয়।

একটি পূর্ণাংগ মূল্যায়নের মধ্যে রোগীর পুরো ইতিহাস নেয়া, যত্নশীলদের পাশাপাশি স্মৃতিভ্রংশে আক্রান্ত ব্যক্তির সাথে কথা বলাটাও অন্তর্ভুক্ত থাকে। পরিস্থিতির পরিক্ষার ধারনা দেয়ার জন্য পরিবারের অন্যান্য সদস্যদেরও প্রয়োজন হতে পারে। একবার মস্তিষ্ক খতিয়ে দেখা হবে, রক্ত পরীক্ষা নেয়া এবং, কিছু ক্ষেত্রে এক্স রেণ্ড করা হবে। স্মৃতিভ্রংশের মূল্যায়নের জন্য সব সময় একটি নির্সিঞ্চিত জ্যান ভিত্তিক পরীক্ষার অন্তর্ভুক্ত।

একবার রোগ নির্ণয় করা হয়ে গেলে সাহায্য এবং সহায়তার উৎস শনাক্ত করা যায়। যা স্মৃতিভ্রংশের রোগীদের ভালোভাবে বেঁচে থাকতে এবং যথাসম্ভব তাদের স্বাধীনতা বজায় রাখতে সমর্থ করে।

আপনার যদি কোন সহায়তা বা দিকনির্দেশনা প্রয়োজন হয়, বা কেবল এমন কারণ সাথে কথা বলার জন্য প্রয়োজন হয় যে আপনার পরিস্থিতি বুঝবে, স্মৃতিভ্রংশ বন্ধুত্বপূর্ণ কেইগল (Dementia Friendly Keighley) আছে আপনার জন্য প্রতি সপ্তাহে ৭ দিন পুরো করোনাভাইরাস সংকট জুড়ে। আমাদের ০৭৮৫২৭৭৩৭৮৮ এ কল করুন প্রতিদিন ১০টা থেকে ২টার মধ্যে। অথবা এই সময়ের বাইরে কোনও তথ্য থাকলে আমাদেরকে জানিয়ে রাখুন এবং আমরা আপনাকে আবার ফিরতি ফোন করব।

